

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৬৭
খোয়াই, ১৬ অক্টোবর, ২০২৩

জল জীবন মিশন
খোয়াই জেলায় ৪৭,৪২৯টি বাড়িতে পানীয়জলের সংযোগ

জল জীবন মিশনে এখন পর্যন্ত খোয়াই জেলায় ৪৭ হাজার ৪২৯টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই মিশনে জেলার কল্যাণপুর ব্লকে ৭,৬৫২টি, খোয়াই ব্লকে ১০,০৯৭টি, মুঙ্গিয়াকামী ব্লকে ৪,৫৬৯ টি, পদ্মবিল ব্লকে ৭,৬৯১টি, তেলিয়ামুড়া ব্লকে ৯,৫৬৩টি এবং তুলাশিখর ব্লকে ৭,৮৫৫টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ পৌঁছে দেওয়া হয়েছে। পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের খোয়াই জেলা নির্বাহী বাস্তুকারের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
